

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৬.২০১৪-

৪৫৩


তারিখঃ ২৬.০৭.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মুহাম্মদ মনিরুল ইসলাম (১৩৪০৪৬), মেডিকেল অফিসার, ফতেহপুর (পূর্ব) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মতলব (উত্তর), চাঁদপুর গত ০৮.০৯.২০১৪ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৬.০৫.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৬.২০১৪-২৭৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৯.০৭.২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুহাম্মদ মনিরুল ইসলাম (১৩৪০৪৬), মেডিকেল অফিসার, ফতেহপুর (পূর্ব) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মতলব (উত্তর), চাঁদপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ০৮.০৯.২০১৪খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৬.২০১৪-

৪৫৩/১ (১১)

তারিখঃ ২৬.০৭.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। জনাব মোঃ আজিমুদ্দিন বিশ্বাস, পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (সূত্রঃ ০৭.০১.২০১৫ তারিখের ০৩.০৭৯.০১৬.০৪.০০.০০৩.২০১৪-১২নং স্মারক)।
- ৪। জনাব মেজবাহ উদ্দিন, পিপিএম, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (সূত্রঃ ২৮.১২.২০১৪ তারিখের গো/১৮-৮৪(শ্রম)-লুজ(১৮)/৯২৯নং স্মারক)।
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। সিভিল সার্জন, চাঁদপুর।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মতলব (উত্তর), চাঁদপুর।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মতলব (উত্তর), চাঁদপুর।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ মুহাম্মদ মনিরুল ইসলাম (১৩৪০৪৬), মেডিকেল অফিসার, ফতেহপুর(পূর্ব) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মতলব (উত্তর), চাঁদপুর।


(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১- ৪৫৭

তারিখঃ ০৪.১৪২২ বঙ্গাব্দ
২৮.০৭.২০১৫ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ এ. কে. এম. মাকসুদুল হাসান (৩৬৬৩২), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইশ্বরগঞ্জ, ময়মনসিংহ (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, ঠাকুরগাঁও) ২০.০৩.২০১০খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৭.০৩.২০১৩খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১-৩৫৪নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১৩.১১.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১-৮৯১নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৫.০৩.২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০০৯.২০১৫-৮৪নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৪.০৭.২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ এ কে এম মাকসুদুল হাসান (৩৬৬৩২), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইশ্বরগঞ্জ, ময়মনসিংহকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২০.০৩.২০১০খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৮/০৭/১৫
(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব


উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১১- ৪৫৭/১৩৩)

তারিখঃ ২৮.০৭.২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম।
- ৪। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। জেলা হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৭। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ এ. কে. এম. মাকসুদুল হাসান (৩৬৬৩২), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইশ্বরগঞ্জ, ময়মনসিংহ (স্থায়ী ঠিকানাঃ- গ্রামঃ- মুহুরিয়া বাড়ি, ডাকঘরঃ-ফাতেমা নগর, উপজেলা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহ)।


(আসিমা তাসিক)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৩-

৪৫১

আদেশ

তারিখঃ ২১.০৭.২০১৫ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ তৌফিকুল ইসলাম মোঃ বেলাল (৩৩৩৬০), সহকারী পরিচালক (অর্থ ও ভান্ডার), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে ৩১.১০.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৩-৯৪৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৮.০১.২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ তৌফিকুল ইসলাম মোঃ বেলাল (৩৩৩৬০), সহকারী পরিচালক (অর্থ ও ভান্ডার), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তীর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৩-

৪৫১/১৩২

তারিখঃ ২১.০৭.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
- ৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৮। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ তৌফিকুল ইসলাম মোঃ বেলাল (৩৩৩৬০), সহকারী পরিচালক (অর্থ ও ভান্ডার), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd